

ঢাকা ওয়াসা

- ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা কপি।
ক্রমিক নং-০২। আলোচ্য কাজের নক্সা।
ক্রমিক নং-০৩। আলোচ্য কাজের ক্যালকুলেশন।
ক্রমিক নং-০৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Construction of Boundary wall East side Aeration Zone-4 area at DND Canal under Dhaka WASA.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। ডিএনডি খালের পানির গুণগত মান বৃদ্ধি করার জন্য নতুন এয়ারেশন জোন-৪ নির্মাণ করা হয়। এয়ারেশন জোন-৪ সংলগ্ন এলাকায় প্রায় যাযগায় কোন সীমানা প্রাচীর নেই। কিছু কিছু অংশে যাও আছে তা খুবই জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যা অনায়াসে উপকানো যায়। এয়ারেশন জোন পরিচালনার জন্য বিভিন্ন ধরনের বৈদ্যাতিক সরঞ্জাম স্থাপন করা হয়েছে। নিরাপত্তা জনীত কোন সীমানা প্রাচীর না থাকায় বিভিন্ন ধরনের লোকজন বিনা অনুমোতিতে উক্ত এলাকায় প্রবেশ করে। সরেজমিনে পরিদর্শনাতে দেখা যায়, দেয়ালের উচ্চতা কম হওয়ায় এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পাঁচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অব্যবহৃত অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। তাছাড়া ডিএনডি খালের দুই পাশের রাস্তার পাশ দিয়ে গড়ে উঠা শিল্প-কারখানার প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। এয়ারেশন জোন-৪ এর সার্বিক নিরাপত্তাসহ ডিএনডি খালের দূষণ রোধে আলোচ্য কাজটি জরুরি ভিত্তিতে করা প্রয়োজন। সীমানা প্রাচীর নির্মাণ কাজটি সম্পন্ন করা হলে নিরাপত্তা, সৌন্দর্য্য বৃদ্ধি সহ পানির দূষণ হ্রাস পাবে।

১.১। আলোচ্য কাজটি পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল, ঢাকা ওয়াসা-২০১১ রেট সিডিউল ও বর্তমান বাজার দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন উপস্থাপন করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৪ দ্রঃ)। উপস্থাপিত প্রাক্কলন অনুযায়ী টাকার পরিমাণ ২৪,৯৫,৭৯২.৮০১ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশত বিরানব্বই দশমিক আট শূন্য এক)। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ারভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার Boundary Wall খাত হতে নির্বাহ করা হবে।

১.২। ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৯ এবং প্যাকেজ নং- W-৯৯ এ অন্তর্ভুক্ত রয়েছে (ক্রমিক নং-০১ দ্রঃ)। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

২২


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Construction of Boundary wall East side Aeration Zone-4 area at DND Canal under Dhaka WASA. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন অনুযায়ী টাকার পরিমাণ ২৪,৯৫,৭৯২.৮০১ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশত বিরানব্বই দশমিক আট শূন্য এক) টাকার অনুমোদন।


গ) ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার Boundary Wall (কোড ০২-০১-০২৩) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



২২/০৪/২০২৫
মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সারোদারাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।


২২/০৪/২৫
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াশা।


২২/৪/২৫
সৈয়দ শাহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সারোদারাদ পানি শোধনাগার
ঢাকা ওয়াশা।


২২/০৪/২৫

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপগো সার্কেল, ঢাকা ওয়াশা।


২২/০৪/২৫
২০/৪/২৫
২০/৪/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সাল্লাহ চান্দা
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা।